# শিখন, মূল্যযাচাই ও প্রতিফলনমূলক অনুশীলন- ১

**কোর্স কোডঃ EDBN 2315**

**ব্যাচেলর অব এডুকেশন (বিএড) প্রোগ্রাম**

## মডিউলঃ ১ ও ৩


**রচনায়**

**ড. সুনীল কান্তি দে**
সহযোগী অধ্যাপক, স্কুল অব এডুকেশন, বাউবি।
(ইউনিটঃ ১, অধিবেশনঃ ১; ইউনিটঃ ২, অধিবেশনঃ ১, ২, ৩, ৪)

**ড. মোঃ মোহসীন উদ্দিন**
সহকারী অধ্যাপক, স্কুল অব এডুকেশন, বাউবি।
(ইউনিটঃ ৫, অধিবেশনঃ ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭)

**আইরিন পারভীন**
সহকারী অধ্যাপক, স্কুল অব এডুকেশন, বাউবি।
(ইউনিটঃ ৪, অধিবেশনঃ ১, ২, ৩, ৪, ৫)

**আমিরুল ইসলাম**
সহকারী অধ্যাপক, স্কুল অব এডুকেশন, বাউবি।
(ইউনিটঃ ৩, অধিবেশনঃ ১, ২; ইউনিটঃ ৬, অধিবেশনঃ ১, ২, ৩)

**সাকিবা ফেরদৌসী**
প্রভাষক, স্কুল অব এডুকেশন, বাউবি।
(ইউনিটঃ ৭, অধিবেশনঃ ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯)

**সম্পাদনায়**

**সুফিয়া বেগম**
সহযোগী অধ্যাপক, স্কুল অব এডুকেশন, বাউবি।
(ইউনিটঃ ১, ২, ৩, ৪, ৬)

**ড. এ এস এম গোলাম মরতুজা**
সহকারী অধ্যাপক, স্কুল অব এডুকেশন, বাউবি।
(ইউনিটঃ ৫, ৭)



| | | |
|---|---|---|
| TQI<br>Working For Quality | **স্কুল অব এডুকেশন**<br>বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় | বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় |

# শিখন, মূল্যযাচাই ও প্রতিফলনমূলক অনুশীলন- ১

**কোর্স কোডঃ EDBN- 2315**

## বিএড প্রোগ্রাম


**প্রকাশকাল**

**প্রথম মুদ্রণ**
এপ্রিল, ২০০৯
**প্রথম পরিমার্জিত মুদ্রণ**
সেপ্টেম্বর, ২০১০
**পুনঃ মুদ্রণ**
জানুয়ারি, ২০১২



**© বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়**



**ISBN: 984-34-0071-9**

**প্রকাশনায়**

প্রকাশনা, মুদ্রণ ও বিতরণ বিভাগ
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
গাজীপুর- ১৭০৫।

**মুদ্রণে**

বিজনেস প্রিন্টিং এন্ড প্যাকেজিং
পদ্মনিধি লেন
ঢাকা- ১১০০।

# ভূমিকা

জ্ঞান ও দক্ষতার প্রতীতি-প্রপঞ্চ সতত পরিবর্তনশীল। আজকের জ্ঞান ও দক্ষতা ভবিষ্যতের চ্যালেঞ্জ মোকাবেলায় যথেষ্ট হবে না- এটাই স্বাভাবিক। এজন্য প্রয়োজন প্রতিনিয়ত এ ক্ষেত্রসমূহের নবায়ন ও আধুনিকীকরণ।

শিক্ষা ও শিক্ষক প্রশিক্ষণ কর্মসূচির প্রাতিষ্ঠানিক ধারা এ উপমহাদেশে প্রায় দুইশত বছর ধরে চলে আসছে। অতীতের এ শিক্ষাদান পদ্ধতি ছিল অনেকাংশে গুরু তথা শিক্ষককেন্দ্রিক। শিক্ষাদানের এ ধারা এমন কী বিংশ শতাব্দীর শেষ প্রান্ত পর্যন্ত চলে আসছিল। বর্তমানে এ চিন্তাধারার ব্যাপক পরিবর্তন ঘটেছে। আধুনিক শিক্ষাদান পদ্ধতি শিক্ষার্থীকেন্দ্রিক ও কর্মভিত্তিক। এছাড়াও শিক্ষণ-শিখন বিষয়ে বিশ্বব্যাপী নিত্য নতুন চিন্তাধারার উদ্ভব ঘটছে। বিশ্বের বিভিন্ন দেশে এগুলো অনুসৃত হচ্ছে। বাংলাদেশে এর প্রবর্তন এখন সময়ের দাবী।

এসব আধুনিক বিশ্বজনীন চিন্তাধারাকে বাংলাদেশের শিক্ষা ব্যবস্থায় প্রবর্তনের মাধ্যমে শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে সরকার ব্যাপক উদ্যোগ গ্রহণ করে। এর ধারাবাহিকতায় ২০০৫ সালে গৃহীত হয় Teaching Quality Improvement in Secondary Education Project (TQI-SEP)। এ প্রকল্পের অন্যতম উদ্দেশ্য হল মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ কর্মসূচির মান উন্নয়ন ও আধুনিকায়নের মাধ্যমে মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষণ-শিখনের মানোন্নয়ন। কেননা একমাত্র আধুনিক মানসম্পন্ন প্রশিক্ষিত শিক্ষকের মাধ্যমেই মানসম্মত শিক্ষাদান সম্ভব।

মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ কর্মসূচির মানোন্নয়নে ইতোপূর্বে সেসিপ প্রকল্পের আওতায় বিএড শিক্ষাক্রমে ব্যাপক পরিবর্তন সাধন করা হয়। প্রণয়ন করা হয় আধুনিক ও বিশ্বমানের শিক্ষাক্রম। টিকিউআই-সেপ প্রকল্পের উদ্যোগে ২০০৬ সাল থেকে এ শিক্ষাক্রম জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে সকল সরকারি ও বেসরকারি টিটিসি-তে বাস্তবায়িত হয়েছে। সরকারের সিদ্ধান্ত অনুসারে একই সাথে তা বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে (বাউবি) দূরশিক্ষণের মাধ্যমেও বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়। এ লক্ষ্যে ২০০৮ সালে বাউবি ও টিকিউআই-সেপ প্রকল্পের মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হয়। এ চুক্তি অনুযায়ী বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব এডুকেশন ২০০৮-২০০৯ শিক্ষাবর্ষ থেকে একই শিক্ষাক্রমের অধীনে বিএড প্রোগ্রাম পরিচালনা করছে।

বর্তমানে দূরশিক্ষণে বিএড প্রোগ্রামের শিক্ষার্থীরা মুখোমুখি বিএড প্রোগ্রামের শিক্ষার্থীদের সাথে অভিন্ন শিক্ষাক্রমের মাধ্যমে একই মানের বিএড ডিগ্রি অর্জন করার সুযোগ পাচ্ছে। এ প্রোগ্রামের একটি উল্লেখযোগ্য অংশ এ পাঠসামগ্রী। বর্তমানে উভয় ধারায় একই পাঠসামগ্রী চালু রয়েছে। স্কুল অব এডুকেশন এবং টিকিউআই-সেপ এর সংশ্লিষ্ট জন কঠোর পরিশ্রমের মাধ্যমে এ পাঠসামগ্রী প্রণয়ন করেছেন। এজন্য তাঁরা প্রশংসার দাবিদার।

এ পাঠসামগ্রীতে শিখন-শিক্ষণের আধুনিক ও বিশ্বমানের চিন্তাধারার প্রতিফলন ঘটানোর প্রয়াস চালানো হয়েছে। আশা করা হচ্ছে এর মাধ্যমে বাংলাদেশে যুগোপযোগী মানসম্পন্ন দক্ষ শিক্ষকমণ্ডলী তৈরি করা সম্ভব হবে যারা বাংলাদেশের মাধ্যমিক শিক্ষার মানোন্নয়নে দক্ষ ও ইতিবাচক ভূমিকা রাখবে।

প্রকল্প পরিচালক
টিকিউআই-সেপ
শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

ডীন
স্কুল অব এডুকেশন
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

# পাঠ নির্দেশনা

**প্রিয় প্রশিক্ষণার্থী,**

দূরশিক্ষণ মাধ্যমে বিএড প্রোগ্রামে ভর্তি হওয়ার জন্য আপনাকে স্কুল অব এডুকেশন আন্তরিক অভিনন্দন জানাচ্ছে। **'শিখন, মূল্যযাচাই ও প্রতিফলনমূলক অনুশীলন- ১'** বইটি স্কুল অব এডুকেশনের বিএড প্রোগ্রামের একটি নৈর্বাচনিক কোর্সবই। শিক্ষকের সাহায্য ছাড়াই আপনারা যাতে নিজে পড়ে বইটি বুঝতে পারেন সেজন্য কোর্স বইটির আঙ্গিক ও উপস্থাপনা প্রচলিত পাঠ্যবই থেকে কিছুটা ভিন্ন।

এ বইটির পাঠ্যবস্তুকে সাতটি ইউনিটে ভাগ করা হয়েছে। প্রত্যেকটি ইউনিটে আবার একাধিক অধিবেশন রয়েছে।

- **'শিখন, মূল্যযাচাই ও প্রতিফলনমূলক অনুশীলন- ১' কোর্স বইটি পাঠ ও অনুশীলনে আপনার করণীয় কী?**

  স্বশিখন পদ্ধতির মূল কথাই হল নিজে নিজে পড়ে শেখা এবং নিজের চেষ্টায় শেখা। অন্য কথায়, এ পদ্ধতির মাধ্যমে শিক্ষার্থী নিজ দায়িত্বে নিজের সুবিধামতো সময়ে শেখার কাজে নিয়োজিত হন। বস্তুত এ উদ্দেশ্যকে সামনে রেখেই স্কুল অব এডুকেশন-এর বিএড প্রোগ্রামের বিভিন্ন কোর্সের বইগুলো রচিত। এতে ভাবগত ঐক্য রক্ষা করে পাঠের বিষয়বস্তুকে কতগুলো ইউনিটে ভাগ করা হয়েছে। আবার ইউনিটগুলোকে কতগুলো অধিবেশনে ভাগ করা হয়েছে। প্রতিটি অধিবেশন প্রাথমিকভাবে একবার পড়তে আপনার ৪৫/৯০ মিনিট সময় লাগবে বলে ধরে নেওয়া হয়েছে। প্রতিটি ইউনিটের শেষে আপনি নিজেই নিজের পাঠের অগ্রগতি মূল্যায়ন করতে পারবেন। এজন্য পাঠের শেষে রয়েছে মূল্যায়ন প্রশ্নমালা।

- **বি এড প্রোগ্রামের কোর্সবই পড়ার সময় কী কী কাজের ওপর গুরুত্ব দিতে হবে?**


  – পাঠ ও পাঠোত্তর মূল্যায়নের প্রশ্নগুলোর উত্তর নিজে নিজে করুন। আপনার উত্তরগুলো সঠিক হল কি না, তা পাঠের শেষে দেওয়া ''সম্ভাব্য উত্তর'' দেখে যাচাই করে নিন।


  – পাঠ ও পাঠোত্তর মূল্যায়নের সবগুলো প্রশ্নের উত্তর সঠিক হলে পরবর্তী ইউনিটে এগিয়ে যান।

  – আপনার উত্তরগুলো সঠিক না হলে পাঠগুলো আবার পড়ুন। পড়া শেষ হলে পাঠোত্তর মূল্যায়নের প্রশ্নগুলোর উত্তর করুন। উত্তর সঠিক হলে পর পর পাঠে এগিয়ে যান।


  – কোন পাঠে সবগুলো প্রশ্নের উত্তর সঠিক না হলে সে পাঠের নির্দিষ্ট অংশ আবার পড়ুন। এভাবে প্রতিটি ইউনিটের পাঠগুলো শেষ করুন।

  বইটিতে যে সমস্ত নির্দেশনামূলক চিহ্ন ব্যবহৃত হয়েছে সেগুলো হলো:


আবশ্যিক পাঠ


পর্বের কাজ


পাঠোত্তর মূল্যায়নের প্রশ্নমালা


সম্ভাব্য উত্তর

- **পাঠ সহায়ক আর কী কর্মসূচি রয়েছে বি এড প্রোগ্রামে?**

  – স্কুল অব এডুকেশন এই বইটি ছাড়াও স্থানীয় স্টাডি সেন্টারে আপনার জন্য প্রতি সপ্তাহে টিউটোরিয়াল অধিবেশনের ব্যবস্থা গ্রহণ করেছে। এসব অধিবেশনে যোগ দিয়ে আপনি বইটি পড়তে গিয়ে কোন সমস্যায় পড়লে সে বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ ও নির্দেশনা গ্রহণ করতে পারেন। তবে আপনাদের প্রয়োজন হলে টিউটর গুরুত্বপূর্ণ অধিবেশনগুলো শ্রেণিকক্ষে মুখোমুখি কৌশলেও পরিচালনা করতে পারেন।

এছাড়া স্কুল অব এডুকেশন বেতার ও টিভিতে প্রতি সপ্তাহে আপনার জন্য পাঠ বিষয়বস্তুভিত্তিক অধিবেশনের ব্যবস্থা গ্রহণ করেছে। আপনি নির্ধারিত সময়ে ঘরে বসে এসব অধিবেশনে অংশগ্রহণ করতে পারেন।

# সূচিপত্র


| ইউনিট | অধিবেশন | বিষয়বস্তু | পৃষ্ঠা |
|---|---|---|---|
| ১ | | **শিক্ষার্থীরা কীভাবে শিখে** | |
| | ১ | শিখনের সংজ্ঞা, বৈশিষ্ট্য ও শর্তাবলি | ১১ |
| ২ | | **দুইটি গুরুত্বপূর্ণ শিখন তত্ত্ব** | |
| | ১ | থর্নডাইক, প্যাভলভ ও স্কিনারের শিখন মতবাদ | ২৩ |
| | ২ | থর্নডাইক, প্যাভলভ ও স্কিনারের শিখন মতবাদের গুরুত্ব ও প্রয়োগ কৌশল | ৩৬ |
| | ৩ | জ্ঞানমূলক বিকাশ: জ্যাঁ পিয়াজের শিখনতত্ত্ব | ৫২ |
| | ৪ | জ্ঞানমূলক বিকাশ: ব্রুনার ও অসবেলের শিখনতত্ত্ব | ৬৪ |
| ৩ | | **দুইটি গুরুত্বপূর্ণ সমসাময়িক শিখন তত্ত্ব** | |
| | ১ | জ্ঞানমূলক গঠনবাদ- অসবর্ণ ও উইট্রকের শিখনতত্ত্ব | ৭৩ |
| | ২ | সামাজিক গঠনবাদ- ভিগটস্কির শিখনতত্ত্ব | ৭৯ |
| ৪ | | **বাংলাদেশের মাধ্যমিক শিক্ষাক্রমের লক্ষ্য এবং উদ্দেশ্যে গঠনবাদী ধারণার প্রয়োগ** | |
| | ১ | অংশগ্রহণমূলক শিক্ষণ-শিখন পদ্ধতি | ৮৭ |
| | ২ | শিখনের ক্ষেত্রে দলগত কাজ, সহযোগিতামূলক শিখন | ৯৭ |
| | ৩ | সতীর্থ শিক্ষণ | ১০৬ |
| | ৪ | বিমূর্ত জ্ঞানমূলক দক্ষতা- ১ | ১১৭ |
| | ৫ | বিমূর্ত জ্ঞানমূলক দক্ষতা- ২ | ১২৭ |
| ৫ | | **বাংলাদেশের মাধ্যমিক বিদ্যালয়ে মূল্যযাচাই** | |
| | ১ | মূল্যযাচাই এর চলমান অবস্থার উপর আলোকপাত | ১৪৫ |
| | ২ | মাধ্যমিক স্তরে মুল্যযাচাই এর জন্য গৃহীত সাম্প্রতিক পদক্ষেপ- ১ | ১৪৯ |
| | ৩ | মাধ্যমিক স্তরে মুল্যযাচাই এর জন্য গৃহীত সাম্প্রতিক পদক্ষেপ- ২ | ১৬১ |
| | ৪ | বিদ্যালয় ভিত্তিক মূল্যযাচাই- ১ | ১৭৩ |

| ইউনিট | অধিবেশন | বিষয়বস্তু | পৃষ্ঠা |
|---|---|---|---|
| | ৫ | মাধ্যমিক স্তরে মুল্যযাচাই এর জন্য গৃহীত সাম্প্রতিক পদক্ষেপ | ১৮১ |
| | ৬ | মাধ্যমিক স্তরে মনোভাবের মূল্যযাচাই- ১ | ১৯৩ |
| | ৭ | মাধ্যমিক স্তরে মনোভাবের মূল্যযাচাই- ২ | ২০৫ |
| ৬ | ১ | বিদ্যালয়ভিত্তিক মুল্যযাচাই- ২ | ২১৭ |
| | ২ | মূল্যায়ন ও মূল্যযাচাই | ২২৮ |
| | ৩ | শিখন উন্নয়নে নানা ধরনের মূল্যযাচাই | ২৩৬ |
| ৭ | ১ | সুঅভীক্ষার বৈশিষ্ট্য ও রচনামূলক প্রশ্ন | ২৪৯ |
| | ২ | অভীক্ষার স্বচ্ছতা ও ব্যবস্থাপনার যোগ্যতা | ২৫৫ |
| | ৩ | যথার্থতা হ্রাসের কারণ ও দূরীকরণের উপায় | ২৬৪ |
| | ৪ | অভীক্ষার যথার্থতার শ্রেণিবিভাগ | ২৭১ |
| | ৫ | অভীক্ষার নির্ভরযোগ্যতা হ্রাসের কারণ ও দূরীকরণের উপায় | ২৭৯ |
| | ৬ | অভীক্ষার নির্ভরযোগ্যতা নির্ণয় | ২৮৭ |
| | ৭ | শিখন উদ্দেশ্যের শ্রেণিবিভাগ | ২৯৩ |
| | ৮ | শিখন উদ্দেশ্যের ডোমেইন | ৩০২ |
| | ৯ | কৃতিত্ব অভীক্ষা ও তার শ্রেণিবিভাগ | ৩০৭ |

# মডিউল: ১

# ইউনিট ১: শিক্ষার্থীরা কীভাবে শিখে

## অধিবেশন ১: শিখনের সংজ্ঞা, বৈশিষ্ট্য ও শর্তাবলি